

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৪৯

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرفائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابُ

আরবী

حَدَّثَنَا أَبُو حَاصِبٍ عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ يُونُسَ، كُوفِيٌّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْقَاسِمِ، حَدَّثَنَا حُصَيْنٌ، هُوَ ابْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ لَمَّا أُسْرِيَ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَعَلَ يَمُرُّ بِالنَّبِيِّ وَالنَّبِيِّينَ وَمَعَهُمُ الْقَوْمُ وَالنَّبِيِّينَ وَمَعَهُمُ الرَّهْطُ وَالنَّبِيُّ وَالنَّبِيِّينَ وَلَيْسَ مَعَهُمْ أَحَدٌ حَتَّى مَرَّ بِسَوَادٍ عَظِيمٍ فَقُلْتُ مَنْ هَذَا قِيلَ مُوسَى وَقَوْمُهُ وَلَكِنْ أَرْفَعِ رَأْسَكَ فَانْظُرْ . قَالَ فَإِذَا سَوَادٌ عَظِيمٌ قَدْ سَدَّ الْأَفْقَ مِنْ ذَا الْجَانِبِ وَمِنْ ذَا الْجَانِبِ فَقِيلَ هَؤُلَاءِ أُمَّتُكَ وَسِوَى هَؤُلَاءِ مِنْ أُمَّتِكَ سَبْعُونَ أَلْفًا يَدْخُلُونَ الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ . فَدَخَلَ وَلَمْ يَسْأَلُوهُ وَلَمْ يُفَسِّرْ لَهُمْ فَقَالُوا نَحْنُ هُمْ . وَقَالَ قَائِلُونَ هُمْ أَبْنَاؤُنَا الَّذِينَ وَلِدُوا عَلَى الْفِطْرَةِ وَالْإِسْلَامِ . فَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ " هُمْ الَّذِينَ لَا يَكْتُمُونَ وَلَا يَسْتَرْقُونَ وَلَا يَتَطَيَّرُونَ وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ " . فَقَامَ عُكَّاشَةُ بْنُ مُحْصَنٍ فَقَالَ أَنَا مِنْهُمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ " نَعَمْ " . ثُمَّ قَامَ آخَرُ فَقَالَ أَنَا مِنْهُمْ فَقَالَ " سَبَقَكَ بِهَا عُكَّاشَةُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَفِي الْبَابِ عَنْ ابْنِ مَسْعُودٍ وَأَبِي هُرَيْرَةَ .

বাংলা

২৪৪৯. আবু হুসায়ন আবদুল্লাহ ইবন আহমাদ ইবন ইউনুস কুফী (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যখন রাত্রিকালীন সফর মি'রাজে নিয়ে যাওয়া হয় তখন তিনি এমন নবী ও নবীদের জামা'আতের পাশ দিয়ে গিয়েছেন যাদের সঙ্গে আছে একদল, এমন নবী ও নবীদের জামা'আতের পাশ দিয়ে গিয়েছেন যাদের সঙ্গে আছে একদল উম্মত, এমন নবী ও নবীদের জামা'আতের পাশ দিয়ে গিয়েছেন যাদের সঙ্গে কোন একজনও নেই। শেষে তিনি বিরাট এক দলের পাশ দিয়ে গেলেন।

(তিনি বলেন) আমি বললামঃ এরা কারা? বলা হলঃ মূসা ও তাঁর কাওম। আপনি আপনার মাথা তুলে দেখুন।

তিনি বলেনঃ আমি দেখি অগনিত মানুষের মহা এক সমাবেশ, এ দিগন্ত সে দিগন্ত পূর্ণ করে রেখেছে। বলা হল, এরা আপনার উম্মত। এরা ছাড়াও আপনার উম্মতের সত্তর হাজার লোক হিসাব ব্যতীত জান্নাতে প্রবেশ করবে।

এরপর নবীজী হুজরায় চলে গেলেন। সাহাবীগণ এ সম্পর্কে কোন কিছু জিজ্ঞাসা করেননি আর নবীজীও এ বিষয়ে তাঁদের কোন ব্যাখ্যা দেন নি। তারা নিজেরা নিজেরা বলাবলি করতে লাগলেন। একদল বললেনঃ এরা হলাম আমরা। এক দল বললেনঃ এরা হল ঐ সব সন্তান ইসলাম ও ফিতরতের উপর যাদের জন্ম হয়েছে।

কিছুপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে বললেনঃ এরা হল তারা যারা লোহার দাগ দেয় না, ঝাড়-ফুঁক করে না, শুভাশুভের লক্ষণ মেনে চলে না, আর তাদের পরওয়ারদিগারের উপর তারা সদা নির্ভরশীল।

তখন উককাশা ইবন মিহসান উঠে দাঁড়ালেন, বললেনঃ আমি কি তাদের মধ্যে হব, ইয়া রাসূলুল্লাহ? তিনি বললেনঃ হ্যাঁ।

এরপর আরেকজন এল, বললেনঃ আমি কি তাদের থেকে হব? তিনি বললেনঃ এ মর্যাদা লাভে উককাশা তোমার অগ্রগামী হয়ে গেছে।

সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৪৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। এ বিষয়ে ইবন মাসউদ, আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Ibn 'Abbas narrated :

"When the Prophet (s.a.w) was taken for the Night Journey, he passed by a Prophet, and, some Prophets and with them were some people, and a Prophet, and some Prophets and with them was a group of people, and a Prophet, and some Prophets and with them there was no one. Until he passed by a large multitude. (The Prophet (s.a.w)said:) I said: 'Who is this?' It was said: 'Musa and his people. But raise your head and look.' There was a large multitude that covered the horizon, from one side to the other. It was said: 'These people are your Ummah, and there are seventy thousand besides these from your Ummah that shall enter Paradise without a reckoning.' So he went inside, and they did not question him, and he gave no explanation to them. (Some of them) said: 'We are them.' Others said: 'They are the children who were born upon the Fitrah and Islam.' So the Prophet (s.a.w) came out and said: 'They are those who do not get themselves cauterized, nor seek Ruqyah, nor read omens, and upon their

Lord they rely.' So 'Ukashah bin Mihsan stood and said: 'Am I among them O Messenger of Allah?' He said: 'Yes.' Then another one stood up and said: 'Am I among them?' So he said "Ukashah has preceded you to it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37803>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন